ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-১৫৭০
জম্পুইজলা, ৪ জুলাই, ২০২৫

**ধরতি আবা জনভাগীদারি অভিযানে**
**জম্পুইজলায় প্রশাসনিক, স্বাস্থ্য শিবির**

আজ জম্পুইজলা ব্লক ভিত্তিক ধরতি আবা জনভাগীদারি অভিযানে জম্পুইজলা ব্লকের অন্তর্গত উজান লারমা ইংরাজী মাধ্যম এস বি বিদ্যালয় প্রাঙ্গণে প্রশাসনিক, স্বাস্থ্য ও সচেতনতামূলক শিবির অনুষ্ঠিত হয়। শিবিরের উদ্বোধন করেন বিধায়ক মানব দববর্মা। অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জম্পুইজলা মহকুমার মহকুমা শাসক চিরঞ্জীব আনন, জম্পুইজলা বিএসি'র ভাইস চেয়ারম্যান নিরঞ্জন কলই। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জম্পুইজলা বিএসি'র চেয়ারম্যান তথা প্রাক্তন বিধায়ক বীরেন্দ্র কিশোর দেববর্মা। উপস্থিত ছিলেন জম্পুইজলার বিডিও ওবেদ এল ডার্লং।

শিবিরে জম্পুইজলা ব্লকের পক্ষ থেকে ৩৮ জন অঙ্গনওয়াড়ি কর্মীকে একটি করে ছাতা বিতরণ করা হয় এবং ৩৯ জন ছাত্রছাত্রীকে স্কুল ব্যাগ বিতরণ করা হয়। এছাড়া দয়ারাম পাড়া পিএইসসি এবং টাকারজলা সিএইসসি-কে ১টি করে সুগার টেস্ট কিট বিতরণ করা হয়। শিবিরে ২০টি আধার, ২০টি এসটি, ২৪টি পিআরটিসি, ১৯টি ইনকাম সার্টিফিকেট এবং ২টি রেশন কার্ডের জন্য আবেদনপত্র জমা নেওয়া হয়। সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের পক্ষ থেকে ১ জন গর্ভবতী মহিলা এবং ৪ জন শিশুকে আজ পোষণ কিট বিতরণ করা হয়। এছাড়া ৫টি অঙ্গনওয়াড়ি কেন্দ্রকে ১টি করে হুইল চেয়ার এবং ১টি করে প্লাস্টিক চেয়ার বিতরণ করা হয়। কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের পক্ষ থেকে ২০০টি মরিচ ও বেগুনের চারা বিতরণ করা হয়। এছাড়া ৫টি কেসিসি এবং ১টি পিএম কিষান ফর্ম বিতরণ করা হয়।

মৎস্য দপ্তরের পক্ষ থেকে ৪টি কেসিসি ফর্ম, ১১ জনকে মাছের ওষুধ এবং মাছ চাষের লিফলেট বিতরণ করা হয়। প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের পক্ষ থেকে এমপিবিএসওয়াই প্রকল্পে ৬ জনকে ১টি করে ছাগল বিতরণ করা হয়। এছাড়া ১৫টি গৃহপালিত পশু ও পোল্ট্রির ওষুধ বিতরণ করা হয়। এতে ১২ জন কৃষক উপকৃত হয়েছে। স্বাস্থ্য দপ্তরের পক্ষ থেকে ৪০ জনের স্বাস্থ্য পরীক্ষা করে বিনামূল্যে ওষুধ বিতরণ করা হয়।

******